# এস এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | ১ | ৫ | ০ |

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

### সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১.▶

| ক্রমিক | খাত | বাঙালি | পশ্চিম পাকিস্তান |
|---|---|---|---|
| ১ | প্রেসিডেন্টের সচিবালয় | ১৯% | ৮১% |
| ২ | দেশরক্ষা | ৮.১% | ৯১.৯% |
| ৩ | শিল্প | ২৫.৭% | ৭৪.৩% |
| ৪ | স্বরাষ্ট্র | ২২.৭% | ৭৭.৩% |
| ৫ | শিক্ষা | ২৭.৩% | ৭২.৭% |
| ৬ | স্বাস্থ্য | ১৯% | ৮১% |
| ৭ | কৃষি | ২১% | ৭৯% |


ক. পাকিস্তানে প্রথম সামরিক আইন জারি করেন কে? ১

খ. ৫২'-এর ভাষা আন্দোলনের অন্যতম কারণ কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ছক কোন বিষয়টিকে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর, উক্ত বিষয়টি এক সময় বাঙালি জাতির স্বাধীনতা অর্জনের ক্ষেত্রে সবচেয়ে বেশি অবদান রাখে? ৪

২.▶




ক. সংবিধানের কত নম্বর অনুচ্ছেদে ন্যায়পাল পদ সৃষ্টির কথা বলা হয়েছে? ১

খ. দ্বিতীয় বিপ্লব কর্মসূচির ব্যাখ্যা দাও। ২

গ. ? (প্রশ্ন) চিহ্নিত স্থানের বিষয়টির বর্ণনা দাও। ৩

https://teachingbd24.com

ঘ. 'উক্ত বিষয়টির মাধ্যমেই বাংলাদেশের উদ্দেশ্যে, আদর্শ ও লক্ষ্য প্রতিফলিত হয়'- বিশ্লেষণ কর। ৪

৩.▶ ১২ থেকে ১৬ বছর বয়সী চারজন কিশোর সম্প্রতি চণ্ডীপুর এলাকায় চুরি করতে গিয়ে এলাকাবাসীর হাতে ধরা পড়ে। এলাকাবাসী তাদের পুলিশের হাতে সোপর্দ করলে তারা মাদক সেবনসহ নানা অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িত থাকার কথা স্বীকার করে।

ক. সামাজিক বিশৃঙ্খলার চরম রূপ কী? ১

খ. আমাদের দেশে নারীর প্রতি সহিংসতার প্রভাব ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত সামাজিক সমস্যার কারণগুলো ব্যাখ্যা কর। ৩

ঘ. 'আইনি ব্যবস্থার সুষ্ঠু প্রয়োগের পাশাপাশি সামাজিক সচেতনতাই উক্ত সমস্যা নিরসনে মুখ্য ভূমিকা পালন করতে পারে'- বক্তব্যটির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৪.▶




ক. গুরুমন্ডলের উপরাংশকে কী বলা হয়? ১

খ. পৃথিবী কেন জীবজগতের বাস উপযোগী? ২

গ. ছকের '?' চিহ্নিত স্থানে কোন বিষয়টি প্রযোজ্য? ব্যাখ্যা কর। ৩

ঘ. পৃথিবীর ওপর উক্ত বিষয়টির প্রভাব বিশ্লেষণ কর। ৪

৫.▶

| | |
|---|---|
| A | দেশের মাথাপিছু আয় ৮৫৩৮০ ডলার |
| B | দেশের মাথাপিছু আয় ৭৮০ ডলার |

ক. বাংলাদেশের অর্থনীতিতে মোট কয়টি প্রধান খাতে ভাগ করা যায়? ১

খ. 'অবকাঠামোর দুর্বলতা' বলতে কী বোঝ? ২

গ. বিশ্বব্যাংক জাতীয় আয়ের ভিত্তিতে A দেশকে কোন শ্রেণিভুক্ত করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. B দেশকে কি A দেশের মতো আয়ের দেশে পরিণত করা যায়? তোমার মতামত দাও। ৪

Teachingbd24.com

৬. ▶




ক. নির্বাচকমণ্ডলী কারা? ১
খ. গণতন্ত্র ও নির্বাচনের মধ্যে সম্পর্ক কী? ব্যাখ্যা কর। ২
গ. '?' চিহ্নিত স্থান দ্বারা নির্দেশকৃত প্রতিষ্ঠানটির গঠন ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত প্রতিষ্ঠানের ক্ষমতা ও কাজ বিশ্লেষণ কর। ৪

৭. ▶ রহিম মিয়া একজন কৃষক। কৃষিকাজে তাকে আর আগের মতো প্রকৃতির ওপর নির্ভর করতে হয় না। বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষাবাদ করে বর্তমানে সে অবস্থাপন্ন কৃষক। তার ছেলে হাবিব ঘরে বসেই ইন্টারনেটে শিক্ষা সম্পর্কে বিভিন্ন তথ্য সংগ্রহ করে।

ক. বিজ্ঞানের প্রায়োগিক দিক কোনটি? ১
খ. গ্রামে যৌথ পরিবার ক্রমশ ভেঙে যাচ্ছে কেন? ২
গ. রহিম মিয়ার সামাজিক অবস্থা পরিবর্তনে কোন উপাদানটি কাজ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. সামাজিক পরিবর্তনে উদ্দীপকের শেষোক্ত উপাদানটির গুরুত্ব বিশ্লেষণ কর।৪


Teachingbd24.com

৮. ▶





ক. বাংলাদেশের বন এলাকাকে মোটামুটি কয়টি ভাগে ভাগ করা যায়? ১
খ. 'জলবায়ুগত অবস্থার সঙ্গে বনজ সম্পদের সম্পর্ক খুবই ঘনিষ্ঠ'- বুঝিয়ে লেখ। ২
গ. 'ক' দ্বারা চিহ্নিত বনভূমিটির ব্যাখ্যা দাও। ৩
ঘ. 'উক্ত বনভূমি ব্যতীত বাংলাদেশের আরও কিছু বনভূমি রয়েছে'- বিশ্লেষণ কর। ৪

৯.▶




ক. অধ্যাপক গার্নার প্রদত্ত রাষ্ট্রের সংজ্ঞাটি লেখ। ১
খ. আইনের বৈশিষ্ট্যগুলো উল্লেখ কর। ২
গ. রাষ্ট্রের সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদানটি ব্যাখ্যা কর। ৩
ঘ. 'ছকে প্রদত্ত উপাদানগুলোর মধ্যে যে কোনো একটি উপাদান না থাকলে রাষ্ট্র গঠিত হওয়া সম্ভব নয়'- উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

১০.▶




ক. কর রাজস্ব কাকে বলে? ১
খ. VAT বলতে কী বোঝায়? ২
গ. '?' চিহ্নিত স্থানের নির্দেশিত বিষয়টি হচ্ছে ব্যবসায় বাণিজ্যের প্রাণ- ব্যাখ্যা কর। ৩
ঘ. বিশেষ আর্থিক প্রতিষ্ঠানগুলো কীভাবে একটি দেশের অর্থনৈতিক উন্নয়নে কাজ করছে? তা বিশ্লেষণ কর। ৪

১১.▶ জনাব জমির রসুলপুর গ্রামের বাসিন্দা এবং সেখানে একটি সংস্থার নির্বাচিত জনপ্রতিনিধি। গ্রামের নিরাপত্তার ব্যবস্থা করা তার অন্যতম প্রধান দায়িত্ব।

ক. শহর এলাকার স্থানীয় শাসন সংস্থাটির নাম কী? ১
খ. স্থানীয় প্রশাসনের গুরুত্ব ব্যাখ্যা কর। ২
গ. জনাব জমির যে প্রতিষ্ঠানটির প্রতিনিধি সেটির গঠন কাঠামো ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উদ্দীপকে উল্লিখিত কাজটি জনাব জমিরের একমাত্র দায়িত্ব নয়'- বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ৫ | ০ |

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. ৪র্থ বিশ্ব নারী সম্মেলন কত সালে ও কোথায় অনুষ্ঠিত হয়?**
ক) জার্কাতা ১৯৭৫
খ) কোপেনহেগেন ১৯৮০
গ) নাইরোবিতে ১৯৮৫
ঘ) বেইজিংয়ে ১৯৯৫

**২. বিশ্বে প্রথম এইচআইভি রোগী ধরা পড়ে কত সালে?**
ক) ১৯৭৯ খ) ১৯৮০
গ) ১৯৮১ ঘ) ১৯৮২

**৩. নগরায়ণ হচ্ছে—**
ক) নতুন নতুন বাজার সৃষ্টি
খ) যৌথ পরিবার থেকে একক পরিবারের বিস্তার
গ) শিল্পায়নের ফলে গ্রামীণ জীবন ছেড়ে নগর জীবন পদ্ধতি গ্রহণ
ঘ) শিল্পায়নের ফলে কলকারখানার সৃষ্টি

**৪. নিম্নের কোন বিষয়গুলো যুক্তফ্রন্টের ২১ দফা দাবির অন্তর্ভুক্ত ছিল?**
i. সকল প্রকার মধ্যস্বত্ব ও সার্টিফিকেট প্রথা বাতিল করা হবে
ii. সমবায় কৃষি ব্যবস্থার প্রবর্তন করা হবে
iii. অবৈতনিক বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা প্রবর্তন করা হবে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৫. শফিউরের পিতাকে দিয়ে প্রথম শহীদ মিনার উদ্বোধন করা হয় কত তারিখে?**
ক) ২১ ফেব্রুয়ারি খ) ২২ ফেব্রুয়ারি
গ) ২৩ ফেব্রুয়ারি ঘ) ২৪ ফেব্রুয়ারি

**৬. ৮ বছর বয়সী ফিরোজকে দিয়ে চায়ের দোকানে কাজ করাচ্ছেন দোকান মালিক রহমান মিয়া। তিনি কোনটির পরিপন্থি কাজ করেছেন?**
ক) বাংলাদেশের শ্রম আইন ২০০৬
খ) জাতিসংঘের শিশু অধিকার সনদ, ১৯৮৯
গ) বাংলাদেশের শিশু আইন, ১৯৭৪
ঘ) জাতীয় শিশু নীতি, ২০১১

**৭. মাথিনদের পরিবারে মা-ই সব ক্ষমতার অধিকারী। উক্ত পরিবারটি কোন ধরনের পরিবার?**
ক) পিতৃতান্ত্রিক খ) মাতৃতান্ত্রিক
গ) বহুপতি ঘ) বহুপত্নি

**৮. শনির উপগ্রহগুলো হলো—**
i. ইউরোপা, গ্যানিমেড, টেথিস
ii. টাইটান, হুয়া
iii. ক্যাপিটাস, টেথিস, টাইটান
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) i ও ii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৯. রাষ্ট্রের সবচেয়ে বড় সম্পদ কোনটি?**
ক) শিক্ষিত জনগোষ্ঠী
খ) জনপ্রতিনিধি
গ) প্রবাসী বাংলাদেশি
ঘ) দক্ষ জনসমাজ

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও:**

১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশে একটি অস্থায়ী সরকার গঠন করা হয় এবং ১৯৭১ সালের ১৭ এপ্রিল এই সরকার শপথ গ্রহণ করে।

**১০. উদ্দীপকে সরকার গঠিত হয়?**
i. নির্বাচনে জয়ী জাতীয় পরিষদের সদস্যদের নিয়ে
ii. নির্বাচিত জাতীয় ও প্রাদেশিক পরিষদের সদস্যদের নিয়ে
iii. গেরিলা যোদ্ধা ও কাদেরিয়া বাহিনী নিয়ে
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) ii
গ) i ও ii ঘ) i, ii ও iii

**১১. উক্ত সরকারের প্রধান উদ্দেশ্য ছিল—**
ক) বিশ্বের কাছে সাহায্য কামনা
খ) এদেশের গণহত্যা সম্পর্কে বিশ্বকে জানানো
গ) মুক্তিযুদ্ধ পরিচালনা এবং বিশ্বজনমত সৃষ্টি করা
ঘ) বিভিন্ন দেশের সরকারের মিশন স্থাপন

**১২. মায়ানমার থেকে কিছু শরণার্থী আশ্রয় প্রার্থনা করলে সরকার তাদের আশ্রয় দান করেন। এটা সরকারের কোন ধরনের কাজ?**
ক) মুখ্য কাজ খ) ঐচ্ছিক কাজ
গ) প্রধান কাজ ঘ) প্রাথমিক কাজ

**১৩. সমাজে কখন নৈরাজ্য দেখা দেয়?**
ক) যখন সামাজিক পরিবর্তন দ্রুত হয়
খ) সমাজের শৃঙ্খলা বিঘ্নিত হলে
গ) দেশে অর্থের সংকট দেখা দিলে
ঘ) যখন রাষ্ট্রযন্ত্র ব্যক্তি বা গোষ্ঠীর আচরণ নিয়ন্ত্রণে ব্যর্থ হয়

**১৪. গোষ্ঠী জীবনের প্রথম ধাপ কী?**
ক) পরিবার খ) সমাজ
গ) সম্প্রদায় ঘ) রাষ্ট্র

teachingbd24.com

https://teachingbd24.com

১৫. নেপচুনের গড় ব্যাস হলো—
ক) ৪৯,৫০০ কি.মি. খ) ৪৮,৫০০ কি.মি.
গ) ৪৭,৫০০ কি.মি. ঘ) ৪৬,৫০০ কি.মি

১৬. এক মাসে কয়বার মরাকটাল হয়?
ক) দুইবার খ) তিনবার
গ) চারবার ঘ) পাঁচবার

১৭. মিতা চক্রবর্তী তার পরিবারের আপত্তি সত্ত্বেও বিয়ে করে তারই সহপাঠি কমল সরকারকে। এদের বিবাহের ভিত্তিতে কোন ধরনের পরিবার গঠিত হয়?
ক) পিতৃবাস পরিবার
খ) অণু পরিবার
গ) প্রতিলোম বিবাহ ভিত্তিক পরিবার
ঘ) অনুলোম বিবাহ ভিত্তিক পরিবার

১৮. বাংলাদেশের ইতিহাসে ১৯৯০ সালে তাৎপর্যপূর্ণ। কারণ—
i. হুসেইন মুহাম্মদ এরশাদের পতন ঘটে
ii. গণতন্ত্রের পুনর্যাত্রা শুরু হয়
iii. সামরিক শাসনের অবসান ঘটে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৯. রাষ্ট্রের চরম ও চূড়ান্ত ক্ষমতা হচ্ছে—
ক) জনসমষ্টি খ) নির্দিষ্ট ভূ-খণ্ড
গ) সার্বভৌমত্ব ঘ) সরকার

২০. আদালত কর্তৃক প্রদত্ত দণ্ডকে মওকুফ করতে পারেন?
ক) রাষ্ট্রপতি খ) স্পিকার
গ) প্রধানমন্ত্রী ঘ) প্রধান বিচারপতি

২১. পৃথিবীর কেন্দ্রে কোণের পরিমাণ কত ডিগ্রী?
ক) ৩৬০ ডিগ্রী খ) ১৮০ ডিগ্রী
গ) ২৬০ ডিগ্রী ঘ) ১৯০ ডিগ্রী

নিচের অনুচ্ছেদটি পড় এবং ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও:
রিভু দশম শ্রেণির ছাত্র। অত্যন্ত বিনয়ী। সে নিয়মিত স্কুলে যায়। তার পিতা-মাতাও তাদের দেখাশোনা করেন এবং যত্নশীল। রিভু খুবই সামাজিক।

২২. উদ্দীপকে কোন প্রক্রিয়ার ইঙ্গিত রয়েছে?
ক) সামাজিক মূল্যবোধ
খ) পরিবার গঠন
গ) সামাজিকীকরণ
ঘ) সামাজিক মূল্যবোধ

২৩. নিচের কোন প্রতিষ্ঠান রিভুকে সামাজিক করে তুলেছে?
i. পরিবার ও রাষ্ট্র
ii. পরিবার ও বিদ্যালয়
iii. স্থানীয় গোষ্ঠী ও সম্প্রদায়
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) i ও ii ঘ) i, ii ও iii

২৪. মনে কর কোনো একটি দেশের জনসংখ্যা ১৪ কোটি এবং ঐ সময়ে মোট জাতীয় আয় ৭০০০ কোটি মার্কিন ডলার। দেশটির মাথাপিছু আয় কত হবে?
ক) ৩০০ মার্কিন ডলার
খ) ৪০০ মার্কিন ডলার
গ) ৫০০ মার্কিন ডলার
ঘ) ৭০০ মার্কিন ডলার

২৫. 'অনুন্নত দেশ হচ্ছে সেইসব দেশ যেগুলোতে জনসংখ্যা ও প্রাকৃতিক সম্পদের তুলনায় পুঁজি বা মূলধন কম'— উক্তিটি কার?
ক) ম্যালথাস খ) কার্লমার্কস
গ) র‍্যাগনার নার্কস ঘ) ম্যাকাইভার

২৬. সুশাসন প্রতিষ্ঠার জন্য প্রয়োজন—
ক) আইন প্রণয়ন
খ) আইনের লক্ষ্য
গ) আইনের অনুশাসন
ঘ) আইনের সংশোধন

২৭. জাতীয় সংসদে মহিলাদের জন্য সংরক্ষিত আসন কতটি?
ক) ৪৭টি খ) ৪৮টি
গ) ৪৯টি ঘ) ৫০টি

২৮. কে প্রধান নির্বাচন কমিশনারকে নিয়োগ দেন?
ক) প্রধানমন্ত্রী খ) রাষ্ট্রপতি
গ) স্বরাষ্ট্রমন্ত্রী ঘ) স্পিকার

২৯. বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ। এই ধরনের দেশসমূহের অর্থনৈতিক বৈশিষ্ট্য হলো—
i. কৃষি ভিত্তিক প্রধান অর্থনীতি
ii. প্রাকৃতিক ও মানব সম্পদের ব্যবহার
iii. ব্যাপক বেকারত্ব
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩০. কত তারিখে জাতিসংঘ দিবস উদযাপিত হয়?
ক) ২৪ অক্টোবর খ) ২৪ নভেম্বর
গ) ২৪ ডিসেম্বর ঘ) ২৮ ডিসেম্বর

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | গ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | গ | ৬ | ক | ৭ | খ | ৮ | গ | ৯ | ঘ | ১০ | খ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | খ |
| | ১৬ | ক | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | ক | ২১ | ক | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | গ | ২৫ | গ | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | ক |

Teachingbd24.com

https://teachingbd24.com